# রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
## (রাজশাহী ওয়াসা)

বাসা নং-২৮৪, সেক্টর-২ হাউজিং এস্টেট, উপশহর রাজশাহী-৬২০২।
www.rajshahiwasa.org.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নম্বর-৪৬.১৬.৮১০০.০০১.০০.২৯৮.২২.৭৬১ তারিখ: ২৯.০৮.২০২২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, পানি সরবরাহ-৩ শাখার ১৮.০১.২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৮৪.১১.০৮৪.১৮.০৯ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে রাজশাহী ওয়াসা, রাজশাহীর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী প্রকৌশলী (সিভিল-২) (ইলেকট্রিক্যাল-১) (মেকানিক্যাল-১) | ০৪(চার)টি | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং বা ওয়াটার রিসোর্স বিষয়ে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২। | উপসহকারী প্রকৌশলী (সিভিল-৩) (ইলেকট্রিক্যাল-২) (মেকানিক্যাল-১) (সিএসই-১) | ০৭(সাত)টি | ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন সিভিল/ ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল/ সিএসই প্রকৌশলে ডিপ্লোমা ডিগ্রি অর্জনকারী। |

### শর্তাবলী:

১. নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র রাজশাহী ওয়াসার ওয়েবপোর্টাল www.rajshahiwasa.portal.gov.bd এ এবং রাজশাহী ওয়াসা, রাজশাহীর প্রশাসন শাখায় পাওয়া যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী বরাবর আবেদন করতে হবে।

৫. খামের উপরে মোটা অক্ষরে পদের নাম সুস্পষ্টভাবে এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬. বিভাগীয়/চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৭. **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩(তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

খ) প্রার্থীকে ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মূল কপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।

গ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম ও ঠিকানা সংবলিত ১৫/-(পনের) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫" × ৪.৫" সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।

ঘ) প্রবেশপত্র স্বহস্তে পূরণ (প্রযোজ্য অংশ) করে দাখিল করতে হবে। প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে ৫×৫ সে.মি. আকারের ০১ (এক) কপি রঙিন সত্যায়িত ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

৮. প্রার্থীর বয়সসীমা ১৩.১০.২০২২খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৯. **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল সনদ/মূল সাময়িক সনদ।

(খ) সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ০১ কপি চারিত্রিক সনদ।

(ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। সেক্ষেত্রে প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদ/প্রমাণক আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(চ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

১০. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

১১. আবেদনপত্র আগামী ১৩.১০.২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, বাসা নং-২৮৪, সেক্টর-২ হাউজিং এস্টেট, উপশহর রাজশাহী-৬২০২ তে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোনো আবেদনপত্র এ কার্যালয়ে গ্রহণ করা হবে না। অসত্য, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে।

১৩. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৪. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৬. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/৮/২০২২

সদস্য সচিব
গ্রেড ৯ম হতে গ্রেড ১০ম পর্যন্ত
নিয়োগ বাছাই কমিটি
রাজশাহী ওয়াসা, রাজশাহী
**E-mail : rajshahiwasa@gmail.com**